তারিখ : 18 MAR 2016 ... ...
পৃঃ ... ... ... কলাম ... ... ......

আমাদের সময়

# প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনে জেএসসি জেডিসি পরীক্ষা

এম এইচ রবিন ●

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনে অনুষ্ঠিত হবে অষ্টম শ্রেণির শিক্ষার্থীদের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও মাদ্রাসা শিক্ষার্থীদের জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা ২০১৬। পরীক্ষা নেওয়া হবে ঢাকা, রাজশাহী, কুমিল্লা, যশোর, চট্টগ্রাম, বরিশাল, সিলেট, দিনাজপুর এবং মাদ্রাসা বোর্ডের তত্ত্বাবধায়নে। জাতীয় শিক্ষানীতি ২০১০ অনুযায়ী অষ্টম শ্রেণি পর্যন্ত প্রাথমিক শিক্ষাস্তর বাস্তবায়নের ধারাবাহিকতায় এই উদ্যোগ নেওয়া হচ্ছে।

এতদিন জেএসসি ও জেডিসি পরীক্ষা অনুষ্ঠিত হতো শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে। এবার পাবলিক পরীক্ষার এরপর পৃষ্ঠা ১১, কলাম ৩

## প্রাথমিক ও গণশিক্ষা

(প্রথম পৃষ্ঠার পর) পাশাপাশি অষ্টম শ্রেণি পর্যন্ত শিক্ষাপ্রতিষ্ঠানের দেখভালের দায়িত্বও নিতে যাচ্ছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। ফলে মন্ত্রণালয়টির কাজের পরিধি আরও বিস্তৃত হচ্ছে।

এ বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব চৌধুরী মুফাদ আহমেদ আমাদের সময়কে জানান, ইতোমধ্যে শিক্ষা মন্ত্রণালয় ও প্রাথমিক গণশিক্ষা মন্ত্রণালয়ের বৈঠক হয়েছে। তৈরি হচ্ছে দুই মন্ত্রণালয়ের কাজ হস্তান্তরের কর্মপরিকল্পনা এবং শিগগির তা চূড়ান্ত রূপ পাবে। এরই মধ্যে ষষ্ঠ শ্রেণি থেকে ৮ম শ্রেণি খোলা কিংবা পাঠদানের অনুমোদন স্থগিত করেছে শিক্ষা মন্ত্রণালয়। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব হুমায়ুন খালিদ জানান, অষ্টম শ্রেণি পর্যন্ত প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনে সার্বিক কার্যক্রম পরিচালনার একটি রূপরেখা তৈরি হয়েছে। এখন মন্ত্রী পর্যায়ে সিদ্ধান্তের অপেক্ষা। এই সিদ্ধান্তের ফলে অষ্টম শ্রেণি পর্যন্ত বিদ্যালয়ের একাডেমিক, প্রশাসনিক, শিক্ষকদের বেতনসহ সার্বিক কার্যক্রম প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় দেখবে। তিনি বলেন, বিদ্যমান পঞ্চম শ্রেণির প্রাথমিক শিক্ষা সমাপনী ও এবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষার পাশাপাশি জেএসসি ও জেডিসি পরীক্ষাও চলে আসবে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনে।

এসব সিদ্ধান্ত অবিলম্বে কার্যকর করা হবে। শিগগির শিক্ষামন্ত্রী এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রীর সঙ্গে এ ব্যাপারে বৈঠক হবে। তারা প্রাথমিক শিক্ষাস্তর অষ্টম শ্রেণিতে উন্নীতকরণের আনুষ্ঠানিক ঘোষণা দেবেন। জাতীয় শিক্ষানীতি ২০১০-এ প্রাথমিককে অষ্টম শ্রেণি এবং নবম শ্রেণি থেকে দ্বাদশ শ্রেণিকে মাধ্যমিক স্তর হিসেবে প্রবর্তনের কথা বলা আছে।